REGIONAL NEWS UNIT

ALL INDIA RADIO, SILCHAR

****

EVENING BULLETIN : BENGALI

Date:- 21-8-2017

Time : 19:55-20:05 Hrs

বিশেষ বিশেষ খবর :-

১) আসামে বাঁধ ভাঙ্গার পূর্বাভাস দেবার বিষয়ে কেন্দ্রীয় সরকারের কার্য্যকরী ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত ।

২) ভূমি স্বাস্থ্য কার্ড ও প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা নিয়ে আজ নতুন দিল্লীতে নরেন্দ্র মোদীর আলোচনা ।

৩) আগামী বছর থেকে আই আই টির জয়েন্ট এন্ট্রেন্স পরীক্ষা অনলাইনের আয়োজনের সিদ্ধান্ত

এবং

৪) নতুন ভারত মন্থন সংকল্প থেকে সিদ্ধি শীর্ষক আগামীকাল শিলচর ও করিমগঞ্জের কৃষি বিজ্ঞান কেন্দ্রের অনুষ্ঠান ।

বিস্তারিত খবর :-

কেন্দ্রীয় সরকার আসামে বাঁধ ভাঙ্গার পূর্বাভাস দেওয়ার বিষয়ে এক কার্য্যকরী ব্যবস্থা গ্রহন করবে । রাজ্যের জল সম্পদ মন্ত্রী কেশব মহন্ত আজ গৌহাটীতে সাংবাদিকদের একথা জানিয়ে বলেন যে রাজ্যে এধরনের ৭০টি সংবেদনশীল স্থান রয়েছে । তিনি জানান যে কেন্দ্রীয় সরকারের জল সম্পদ মন্ত্রনালয়ের সচিব অমরজিৎ সিং গতকাল নগাঁও জেলার ভাঙ্গা বাঁধ পরিদর্শন করেন । তিনি এ বিষয়ে কেন্দ্রীয় সরকার আর্থিক এবং কারিগরী সহায়তা প্রদান করবে বলে জানিয়েছেন । শ্রীমহন্ত বলেন যে রাজ্যের সাম্প্রতিক বন্যায় ১৫টি জেলার ২৬টি স্থানে বাঁধ ক্ষতিগ্রস্থ হয়েছে ।

আগামী অর্থ বছর থেকে রাজ্যে জনসংখ্যা নীতি বলবৎ করার জন্য রাজ্য সরকার ব্যবস্থা গ্রহন করেছে । আগামী চৌঠা সেপ্টেম্বর থেকে অনুষ্ঠেয় আসাম বিধানসভার অধিবেশনে জনসংখ্যা নীতি বিল উত্থাপন করা হবে । রাজ্যের অর্থ, স্বাস্থ্য ও শিক্ষামন্ত্রী ড হিমন্ত বিশ্বশর্মা গতকাল সাংবাদিকদের এ কথা জানিয়ে বলেন যে আগামী বছরের পয়লা এপ্রিল থেকে এই জনসংখ্যা নীতি বলবৎ করার আশা করা হচ্ছে । এই বিলটি গৃহীত হলে বিভিন্ন বিভাগের চাকুরির ক্ষেত্রে সেবা আইন এবং পঞ্চায়েত আইনের নিয়ম নীতির কিছুটা সংশোধনীর প্রয়োজন হবে ।

এদিকে এই অধিবেশনে রাজ্যে চারটি নতূন বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য বিল উত্থাপন করা হবে বলেও শ্রী শর্মা জানান । তিনি জানান যে বজালীতে ভট্টদেব বিশ্ববিদ্যালয়, হোজাইতে রবীন্দ্রনাথ ঠাকুর বিশ্ববিদ্যালয় ,মাজুলিতে অসম সাংস্কৃতিক বিশ্ববিদ্যালয়, এবং বিহুপুরিয়াতে মাধবদেব বিশ্ববিদ্যালয় স্থাপন করা হবে । প্রয়োজনীয় পরিকাঠামো থাকা স্বত্বেও রাজ্যের ৮৯টি কলেজে মাত্র একটি করে শাখা চলছে বলে উল্লেখ করে শিক্ষামন্ত্রী জানান যে আগামী ১৫ই অক্টোবরের মধ্যে এই কলেজগুলিতে আরো একটি করে শাখা খোলার ব্যবস্থা করা হয়েছে ।

জাতীয় তদন্তকারী সংস্থা, এন আই এর তৎপরতার জন্য আসাম সহ উত্তর-পূর্বাঞ্চলে সন্ত্রাসবাদী কার্যকলাপ হ্রাস পেয়েছে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী রাজনাথ সিং গতকাল লক্ষনৌ এ জানান । তিনি বলেন যে কেন্দ্রে এন ডি এ সরকার ক্ষমতায় আসার পর গত তিন বছরে সন্ত্রাসবাদী এবং উগ্রপন্থী কার্যকলাপ রোধ করার জন্য ব্যাপক প্রয়াস চালানো হয়েছে । এই সময়ে উত্তর-পূর্বাঞ্চলে উগ্রপন্থী কার্যকলাপ ৭৫ শতাংশ হ্রাস পেয়েছে এবং অন্যান্য রাজ্যে মাওবাদী কার্যকলাপ ৩৫ থেকে ৪০ শতাংশ হ্রাস পেয়েছে বলেও তিনি জানান । জাল নোট এবং সন্ত্রাসবাদীদেরকে অর্থ সরবরাহ বন্ধ করতে পারলে সন্ত্রাসবাদী কার্যকলাপ অধিক হ্রাস পাবে বলে শ্রী সিং মন্তব্য করেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লিতে ভূমি স্বাস্থ্য কার্ড ও প্রধানমন্ত্রী ফসলবীমা যোজনা নামে দুটি কৃষি ভিত্তিক প্রকল্পের পর্য্যালোচনা করেন। শ্রী মোদি বলেন যে-জমির গুণাগুণ পরীক্ষার জন্য বিভিন্ন ধরণের মাটি ও এসবের স্যাম্পল নিয়ে গুণগত মান নির্ণয় করা সম্ভব। শ্রী মোদি ভূমি স্বাস্থ্য কার্ড ছাপানোর ক্ষেত্রে কৃষকদের পড়া এবং বোঝার সুবিধার্থে সংশ্লিষ্ট এলাকার ভাষা অনুযায়ী স্থানিয় ভাষায় তা ছাপা হতে হবে বলে তিনি উল্লেখ করেন।অত্যাধুনিক প্রযুক্তিকে রপ্ত করার ক্ষেত্রে সবাইকে উৎসাহিত করে তিনি বলেন যে-হাতে রাখার মতো ছোটো যন্ত্র দিয়েও সময়ে সময়ে মাটি পরীক্ষা করা যাবে। এই পর্য্যালোচনা সভায় প্রধানমন্ত্রীকে দেশের ১৬টি রাজ্য ও কেন্দ্রীয় শাসিত অঞ্চলে ভূমি স্বাস্থ্য কার্ডের প্রথম দফার কাজ শেষ হয়েছে বলে জানানো হয়। এছাড়া বাকি রাজ্যগুলোতে আগামী কয়েক সপ্তাহের মধ্যে শেষ হয়ে যাবে বলে সভায় জানানো হয়।প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনা সম্পর্কে শ্রী মোদীকে সভায় জানানো হয় যে - ২০১৬ সালের খারিফ শস্যের এবং ২০১৬-২০১৭ সালের রবি শস্যের মরশুমে ৭হাজার ৭০০কোটি টাকা

ইতিমধ্যে দেওয়া হয়েছে এবং নব্বই লক্ষেরও বেশী কৃষক এতে উপকৃত হয়েছেন। এই বৈঠকে র্কষি দপ্তর, নীতি আয়োগ, এবং প্রধানমন্ত্রীর কার্য্যালয়ের উচ্চপদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

নতুন দিল্লীতে আজ দেশের বিজেপি শাসিত রাজ্যগুলির মুখ্যমন্ত্রী এবং উপ-মুখ্যমন্ত্রীদের এক বৈঠক অনুষ্ঠিত হবে । বৈঠকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং বিজেপি সভাপতি অমিত শ্বাহ রাজ্যগুলিতে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পর রূপায়নের অগ্রগতির বিষয়ে পর্য্যালোচনা করবেন । এতে বেশ কয়েকজন কেন্দ্রীয় মন্ত্রীও উপস্থিত থাকবেন । এই বৈঠকে রাজ্যগুলিতে কেন্দ্রীয় সরকারের প্রকল্প রূপায়নের ক্ষেত্রে বিভিন্ন সমস্যার বিষয়েও আলোচনা করার সম্ভাবনা রয়েছে । এছাড়া বিজেপি শাসিত রাজ্যের মুখ্যমন্ত্রীদের বেশ কিছু প্রকল্পের প্রস্তাব তুলে ধরারও সম্ভাবনা রয়েছে । এই বৈঠকে অংশ গ্রহনের জন্য আসামের মুখ্যমন্ত্রী সর্বানন্দ সনোয়ালও নতুন দিল্লীতে পৌঁছেছেন । শ্রীসনোয়াল বৈঠকে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প রূপায়নের অগ্রগতি তথা সমস্যা সম্পর্কে আলোচনা করবেন ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী রবিবার মন কী বাত অনুষ্ঠানে তার চিন্তা ভাবনা দেশবাসীর সংগে ভাগ করে নেবেন। মন কী বাত অনুষ্ঠানের এটি ৩৫ তম সংস্করণ।এক ট্যুইট যোগে প্রধানমন্ত্রী দেশবাসীকে MY GOV OPEN FORUM বা ১৮০০-১১-৭৮০০ এই টোলফ্রি নম্বরে ফোন করে ইংরেজী অথবা হিন্দিতে তাদের বার্তা রেকর্ড করতে বলরছেন। এছাড়া SMS এর মাধ্যমেও জনসাধারণ তাদের মতামত জানাতে পারবেন ।

ভারতীয় প্রযুক্তি প্রতিষ্ঠান আই আই টির জন্য যৌথ প্রবেশ পরীক্ষা আগামী বছর অর্থাৎ ২০১৮ সাল থেকে অনলাইনে অনুষ্ঠিত হবে। চেন্নাইতে

গতকাল অনুষ্ঠিত এক বৈঠকে আই আই টিতে ভর্তির জন্য থাকা Joint Entrance Council এই সিদ্ধান্ত গ্রহণ করে।এক বিবৃতিতে মাদ্রাজ আই আই টির সন্চালক ও পরিষদের অধ্যক্ষ প্রোফেসর ভাস্কর রামমুর্তি বলেন যে- ২০১৮ সাল থেকে আই আই টির জন্য যৌথ প্রবেশ পরীক্ষা অনলাইনযোগে অনিষ্ঠিত হবে।এদিকে কেন্দ্রিয় মানব সম্পদ মন্ত্রণালয় এর আগেই ইন্জিনিয়ারিং পাঠ্যক্রমের জন্য মূল জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষা অনলাইন যোগে আয়োজনের ব্যবস্থা চালু করেছিল ।

কেন্দ্রীয় রেল প্রতিমন্ত্রী রাজেন গোহাইর দুদিনের বরাক উপত্যকা সফর আপাতত বাতিল হয়েছে বলে বিজেপির দলীয় সূত্রে জানানো হয়েছে । উল্লেখ্য আগামীকাল আসাম বিশ্ববিদ্যালয়ের অধীন কৃষি বিজ্ঞান কেন্দ্র কছাড়ের ব্যবস্থাপনায় শিলচর জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে আয়োজিত ‘‘নতুন ভারত মন্থন সংকল্প থেকে সিদ্ধি ’’ অনুষ্ঠানে তার মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকার কথা ছিল । আগামীকাল এ অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী কবীন্দ্র পুরকায়স্থ সহ জেলার বিধায়করা । পূর্ব ঘোষিত সূচী অনুযায়ী করিমগঞ্জ কৃষি বিজ্ঞান কেন্দ্রের ব্যবস্থাপনায় আজ অনুষ্ঠিত সংকল্প থেকে সিদ্ধি অনুষ্ঠানে মন্ত্রী গোহাই যোগ দেবার কথা থাকলেও সম্প্রতি মুজফফর নগরে রেল দূর্ঘনার বিষয়ে সরেজমিনে খোঁজ খবর নিতে সেখানে চলে যাওয়ায় শ্রীগোহাই’র বরাক সফর বাতিল হয়েছে বলে দলীয় সূত্রে জানানো হয় ।

আসন্ন দুর্গাপূজা এবং ঈদ্দজোহা উৎসব সুন্দর ও সুষ্ঠ ভাবে সম্পন্ন করার উদ্দ্যেশ্যে আজ শিলচরে কাছাড়ের জেলা উপায়ুক্তের কার্যালয়ে এক সভা অনুষ্ঠিত হয় । উপায়ুক্ত এস বিশ্বনাথনের পৌরহিত্যে জেলার বিভিন্ন পূজা কমিটি এবং মসজিদ কমিটির কর্মকর্তাদের সঙ্গে অনুষ্ঠিত সভায় আসন্ন শারদোৎসব এবং ঈদ শান্তিপূর্ণভাবে ও সুষ্টভাবে সম্পন্ন করার আহ্বান

জানানো হয় । সভায় উৎসবের দিনগুলিতে আইনশৃঙ্খলা পরিস্থিতি সহ যানজট নিয়ন্ত্রন , পরিকল্পনা মোবাইল রাইডার স্কোয়াড , বিভিন্ন পূজা কমিটির ভলানটিয়ার নিয়োগ ,কন্ট্রোল রুম স্থাপন, প্রতিমা বিষর্জন, মদ্যপান নিবারণ ,পূজো পেন্ডেলগুলোতে প্রয়োজনীয় সব ব্যবস্থা গ্রহন ,সি সি টি ভি ক্যামেরা স্থাপন ইত্যাদি বিষয়ে জোর দেওয়া হয় । সভায় উধারবন্দের বিধায়ক মিহির কান্তি সোম ,জেলার বিভিন্ন অতিরিক্ত উপায়ুক্তগণ ও বিভিন্ন বিভাগের আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

এদিকে কাছাড়ের জেলা ম্যাজিষ্ট্রেট এস বিশ্বনাথন এক নির্দেশে জানিয়েছেন যে শিলচর শহর ও শহরতলী এলাকায় প্রতিমা নিয়ে শোভা যাত্রা করতে হলে জেলা পুলিশ সুপারের কাছ থেকে বৈধ অনুমতি নিয়ে রাত সাড়ে আটটা থেকে দশটার মধ্যে করতে হবে । এছাড়াও লাউড স্পীকার নীচু স্বরে ব্যবহার করতে হবে । এ নির্দেশ অমান্য করলে লাউড স্পীকার ও গাড়ী বাজেয়াপ্ত করতে পুলিশকে বলা হয়েছে ।

কাছাড় ,করিমগঞ্জ, হাইলাকান্দি ও ডিমাহাসাও সহ পার্শবর্তী রাজ্য মিজোরাম,ত্রিপুরা, মণিপুর, এবং মেঘালয় ও প্রতিবেশি রাষ্ট্র বাংলাদেশের সংশ্লিষ্ট রোগীদের সুবিধার্থে শিলচরে বিভিন্ন দিক থেকে শারিরীক ভাবে অক্ষম ব্যাক্তিদের জন্য প্রাথমিক পর্যায়ে রোগ নির্ণয়, এবং তাদের থেরাপি চিকিৎসা প্রদানের জন্য দিব্যাংগন বিকাশ কেন্দ্র খোলা হয়েছে।এর মাধ্যমে সমাজে শারিরীক দিক থেকে অক্ষম লোকেদের সংখ্যা হ্রাস করা সম্ভব হবে।গত শনিবার স্বেচ্ছাসেবী সংগঠন সক্ষমের উদ্যোগে এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে রাজ্যের পূর্ত মন্ত্রী পরিমল শুক্লবৈদ্য প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এই অনুষ্ঠানে বিধায়ক আমিনূল হক লস্কর বিশেষ অতিথি হিসেবে এবং প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী কবীন্দ্র পুরকায়স্থ সহ অন্যান্য বিশিষ্ট ব্যাক্তিরা উপস্থিত ছিলেন ।

করিমগঞ্জে ৩৩ কেভি লাইনের জরুরী মেরামতির জন্য করিমগঞ্জ শহর , নিলামবাজার ও কালীগঞ্জ সহ পার্শ্ববর্ত্তী অঞ্চলে আগামী বুধ ,শনি ও রবিবার বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকবে ।

করিমগঞ্জের এ পি ডি সি এল থেকে এক বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে আগামী বুধবার সকাল নয়টা থেকে বেলা দুটা পর্য্যন্ত এবং আগামী শনি ও রবিবার সকাল সাতটা থেকে সকাল ১০ টা পর্য্যন্ত বিদ্যুৎ সরবরাহ বন্ধ থাকবে ।

অখিল ভারতীয় চা মজদুর সংঘ কাছাড় শাখার আহ্বানে বিভিন্ন দাবী সমর্থনে আজ বেলা ১১টা থেকে ১টা পর্যন্ত শিলচর ক্ষুদিরাম মূর্তির পাদদেশে দুই ঘন্টা ধর্ণা কর্মসূচী পালন করা হয় । পরে সংস্থার সাধারণ সম্পাদক গোপাল ভূমিজ এবং সভাপতি চুনীলাল ভট্টাচার্য্যের নেতৃত্বে এক প্রতিনিধি দল কাছাড়ের জেলা উপায়ুক্তের মাধ্যমে রাজ্যের মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে এক স্মারক পত্র প্রেরণ করেন । বরাকের চা শ্রমিকদের আসামের আদি অদিবাসী হিসেবে স্বীকৃতি প্রদান সহ জমির পাট্টা প্রদান এবং চা শ্রমিকদের নূন্যতম মজুরী ৩৫০ করার দাবী স্মারক পত্রে উল্লেখ করা হয় ।

-----------------------সমাপ্ত-----------------------